প্রিয় বাসিন্দা,

COVID-19 সঙ্কটকাল চলাকালীন আপনার ভাড়া কমানোর জন্য নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষের (New York City Housing Authority, NYCHA) এটির **ভাড়া পরিশোধের অসুবিধা সংক্রান্ত নীতি (Rent Hardship Policy)** এখন আগের চেয়ে সহজ করেছে।

## ভাড়া পরিশোধের অসুবিধার জন্য কে আবেদন করতে পারেন?

কর্মস্থলে যদি **আপনার কাজের ঘন্টা** কাটা হয়, বা আপনি **যদি আপনার চাকরি হারিয়ে থাকেন**, তাহলে অনুগ্রহ করে **অবিলম্বে** একটি **মধ্যবর্তীকালীন পুনরায় শংসাকরণের আবেদন (Interim Recertification application) পূরণ করুন।**

একটি সরকারী আবাসনের বাসিন্দা হিসাবে, আপনার ভাড়া সর্বদা আপনার পরিবারিক আয়ের 30 শতাংশ হবে।
**এই সময়ে যদি আপনার আয় না থাকে তাহলে আপনার ভাড়া হবে শূন্য (ZERO)।**

**NYCHA এর কাছে আয় হানি রিপোর্ট করার জন্য কোনো অপেক্ষার সময়কাল নেই। অনুগ্রহ করে দেরী করবেন না।**
একটি মধ্যবর্তীকালীন পুনরায় শংসাকরণের আবেদন করার জন্য যে প্রমাণ দুই-মাস অপেক্ষার সময়কালটি সাধারণত আবশ্যক হয় তা স্থগিত করা হয়েছে।

## ভাড়া পরিশোধের অসুবিধার আবেদনের জন্য আপনার কী প্রয়োজন

পরবর্তী বিজ্ঞপ্তি না পাওয়া পর্যন্ত, NYCHA অধিবাসীরা তাদের আয় **নিজে-প্রত্যয়ন** করতে পারেন। এটির অর্থ হল এই যে **সহায়ক নথিগুলি** যেমন বেতনের রসিদ, আপনার নিয়োগকারীর থেকে একটি চিঠি , ও/বা বেকারত্ব সুবিধার প্রত্যায়ন, যেগুলি একটি মধ্যবর্তীকালীন পুনরায় শংসাকরণ জমা দেওয়ার জন্য সাধারণত আবশ্যক হয়, **সেগুলির এই সময়ে প্রয়োজন হয় না।**

আপনার কাছে এই নথিগুলি থাকলে আমরা তাসত্ত্বেও এগুলি গ্রহণ করব। আপনার আয় হানির সত্যতা প্রতিপাদন হিসাবে, আমরা আপনার নিয়োগকারীর থেকে একটি হাতে লেখা চিটি ও/বা ইমেল, একই সাথে আপনার প্রাক্তন বা বর্তমান সুপারভাইজারের কাছ থেকে একটি টেলিফোন কলও গ্রহণ করব। তবে, এই সময়ে যদি এইসকল জিনিসগুলির কোনোটিই উপলব্ধ না হয়, তাহলে পরের একটি তারিখে NYCHA কে এগুলি প্রদান করতে পারেন।

এই নথিগুলি সহ বা ছাড়া, আপনি আপনার আয় হানি **নিজে প্রত্যয়ন** করতে, আপনার আবেদন জমা দিতে, এবং আপনার ভাড়ায় একটি ছাড় পেতে পারেন।

## কীভাবে ভাড়া পরিশোধের অসুবিধার আবেদন করতে হয়

আপনার সুবিধার জন্য, **তিনটি ভিন্ন উপায়ে** আপনি **মধ্যবর্তীকালীন পুনরায় শংসাকরণের জন্য আবেদন করতে পারেন**:

- নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষের NYCHA স্ব-পরিষেবা পোর্টাল (Self-Service Portal) **selfserve.nycha.info দেখুন।**

- NYCHA'র গ্রাহক যোগাযোগ কেন্দ্রে (Customer Contact Center, CCC) 718-707-7771 (বিকল্প 5) নম্বরে ফোন করুন

- আপনাকে একটি কাগজের আবেদন ডাকযোগে পাঠানোর অনুরোধ করার জন্য আপনার সম্পত্তি পরিচালন কার্যালয়ে (Property Management Office) ফোন করুন।

### 1) NYCHA স্ব-পরিষেবা পোর্টাল

NYCHA স্ব-পরিষেবা পোর্টাল ব্যবহার করা হল ভাড়া পরিশোধের অসুবিধার জন্য আবেদন করার দ্রুততম ও সহজতম উপায়।

আমরা অনলাইন ফর্মটিকে সহজ করেছি। আপনার ভাড়া কমানোর জন্য এখানে এখন **মাত্র 6 টি ধাপ** আছে। **এই নির্দেশিকাটি** দেখুন যেটি আপনাকে ধাপে-ধাপে প্রক্রিয়াটি দেখায়।

**ধাপ 1:** selfserve.nycha.info এ যান।
**ধাপ 2:** পরিবারে যে ব্যক্তির আয় হানি হয়েছে তাকে সনাক্ত করুন।
**ধাপ 3:** চাকরিটির জন্য কর্মনিযুক্তির সেই তারিখগুলি প্রদান করুন যেগুলিতে আয় কমানো হয়েছিল বা হারিয়েছিলেন; পূর্বের বেতন; এবং বর্তমান বেতন, যদি আয় কমানো হয়ে থাকে।
**ধাপ 4**: যে আয়টি হারিয়েছিলেন বা কমানো হয়েছিল তার প্রকারটি প্রদান করুন।
**ধাপ 5:** ফটোগ্রাফ এবং নথি আপলোড করুন (যদি উপলব্ধ হয়)।
**ধাপ 6:** নিজে-প্রত্যয়ন করুন এবং জমা দিন।

এই অনলাইন আবেদনটি 100 টির বেশি ভাষায় আবেদনটি অ্যাক্সেস করার জন্য গুগুল অনুবাদ (Google Translate) ব্যবহার করে।

### 2) গ্রাহক যোগাযোগ কেন্দ্রে (CCC) 718-707-7771 (বিকল্প 5) নম্বরে ফোন করুন

বাসিন্দারা মধ্যবর্তীকালীন পুনরায় শংসাকরণের আবেদন ফোন মাধ্যমে সম্পূর্ণ করার জন্য এখন CCC কে 718-707-7771 (বিকল্প 5) নম্বরে ফোন করতে পারেন। একজন NYCHA গ্রাহক পরিষেবা প্রতিনিধি আপনাকে একগুচ্ছ সংক্ষিপ্ত প্রশ্নের মধ্য দিয়ে পথনির্দেশ দেবেন; আপনি **আপনার আয় হানি নিজে-প্রত্যয়ন করতে** এবং মধ্যবর্তীকালীন পুনরায় শংসাকরণের আবেদন ফোন মাধ্যমে জমা দিতে পারেন।

যে সকল বাসিন্দার অনুবাদ পরিষেবা প্রয়োজন হয় তাদের একই সাথে ভাষা সহায়তালাইনের (Language Helpline) সাথে যুক্ত করা হবে, যেটি সমগ্র প্রক্রিয়াটি জুড়ে সহায়তা করবে।

3) **আপনার সম্পত্তি পরিচালন কার্যালয়ের সাথে যোগাযোগ করুন**

মধ্যবর্তীকালীন পুনরায় শংসাকরণের একটি কাগজের আবেদনের অনুরোধ করার জন্য অধিবাসীরা তাদের সম্পত্তি পরিচালন কার্যালয়ে (Property Management Office) ফোন করতে পারেন।

আপনি আপনার কাগজের আবেদনের সাথে সহায়ক নথিগুলি প্রদান করতে পারেন বা কোনো নথির একটি ছবি তুলতে/আপলোড করতে/স্ক্যান করতে পারেন এবং সেগুলিকে আপনার সম্পত্তি পরিচালন কার্যালয়ে ইমেল করতে পারেন।

আপনি আবেদনটি সম্পূর্ণ করা ও জমা দেওয়ার পরে, **নিজে-প্রত্যয়নের** জন্য আপনার সম্পত্তি পরিচালন কার্যালয় আপনার সাথে যোগাযোগ করবে।

আপনার সুবিধার জন্য, আমরা আবেদনটিকে 13 টি ভাষায় অনুবাদ করেছি।

আপনার পছন্দের ভাষায় প্রশ্নগুলি পর্যালোচনা করার জন্য আপনি অনূদিত আবেদনটি ব্যবহার করতে পারেন, কিন্তু আপনাকে অবশ্যই ইংরেজি আবেদনটি সম্পূর্ণ করতে ও জমা দিতে হবে।

**কখন ভাড়া ছাড় কার্যকরী হবে?**

আপনারভাড়া আবেদনটি জমা দেওয়ার পরের মাসের জন্য সামঞ্জস্যপূর্ণ করা হবে। ভাড়ার কোনো সংশোধন যা অবিলম্বে কার্যকরী হয় নি তা আপনি মধ্যবর্তীকালীন পুনরায় শংসাকরণের আবেদনটির সূত্রপাত করার পরে মাসের শুরুতে পূর্বের তারিখ থেকে কার্যকরী করা হবে।

আপনি যদি আপনার ভাড়ায় অবিলম্বে কোনো পরিবর্তন না দেখেন, **তাহলে আবেদনটির প্রক্রিয়াকরণ না হওয়া পর্যন্ত NYCHA আংশিক ভাড়ার অর্থপ্রদান স্বীকার করবে।**

আমরা এই কঠিন সময়গুলিতে একত্রে পাড়ি দিতে থাকার সময়ে আপনার সহযোগের জন্য ধন্যবাদ।

বিনীত,

Greg Russ
সভাপতি ও চীফ এক্সিকিউটিভ অফিসার

Vito Mustaciuolo
জেনারাল ম্যানেজার